রক্ত পরীক্ষায় মিলল হেপাটাইটিস বি, রটিয়ে দেওয়া হল এডস

নিজস্ব সংবাদদাতা, বারাসত : এত অন্তঃসত্ত্বা মহিলার রক্তে হেপাটাইটিস বি-র জীবাণু পাওয়া গেছিল। কিন্তু, তার এডস হয়েছে বলে হাসপাতালের কিছু কর্মী রটিয়ে দেয় বলে অভিযোগ। ঘটনাটি বারাসত হাসপাতালের। এর জেরে বুধবার সেখানে উত্তেজনা ছড়ায়। রবিবার টুম্পা সাহা নামে বছর আটত্রিশের ওই মহিলা প্রসব যন্ত্রণা নিয়ে ভর্তি হয়েছিলেন বারাসত হাসপাতালের। রক্ত পরীক্ষার পর জানা যায় তাঁর হেপাটাইটিস বি হয়েছে। টুম্পার অভিযোগ, তাঁর রক্ত পরীক্ষার রিপোর্ট হাতে পাওয়ার পর চিকিৎসকরা নাকি তাঁকে প্রথমে চিকিৎসা করতে রাজি হয়নি। উল্টে হাসপাতালের কিছু কর্মী রটিয়ে দেয় তাঁর এড্‌স হয়েছে।

এই অভিযোগ সামনে আসার পর অস্বস্তিতে পড়েছে হাসপাতালে কর্তৃপক্ষ। হাসপাতাল সুপার সুব্রত মণ্ডল বলেন, 'যারা এসব প্রচার করছে, এটা তাদের অজ্ঞানতার ফল কীভাবে ডাক্তারের মতামত ছাড়া এটা কেউ করতে পারে? হাসপাতালের কেউ জড়িত কি না, তা খতিয়ে দেখব। তবে ওই মহিলার প্রতিবেশীরাও এমন অপপ্রচার করতে পারে।'

হাসপাতালে ভর্তি হওয়ার পর টুম্পার একটি সন্তান হয়েছে। বুধবার সদ্যোজাত সন্তানকে কোলে নিয়ে হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন টুম্পা। তিনি বলেন, 'হাসপাতালে ভর্তি হওয়ার পর থেকে চিকিৎসক ঠিকমতো দেখেনি আমাকে। উল্টে আমার রক্তের রিপোর্ট খারাপ বলা হয়। অবশেষে সুপারকে বিষয়টি জানানোর পর তিনি এসে আমার চিকিৎসার ব্যবস্থা করেন।'

যদিও চিকিৎসায় কোনও গাফিলতি হয়নি বলে দাবি করেছেন হাসপাতাল সুপার। তিনি বলেন, 'ওনারা আমাকে বলার পরই আমি নিজে ওয়ার্ডে গিয়ে ওই মহিলার চিকিৎসা করেছি। ডেলিভারির পর মা ও বাচ্চা দু'জনেই সুস্থ রয়েছে। ওনাকে কিছু বিধিনিষেধ মেনে চলতে বলা হয়েছে। এই রোগ কোনও ছোঁয়াচে নয়। আর পাঁচটা মানুষের মতো উনি স্বাভাবিক জীবনযাপন করতে পারবেন।'

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

					3		6	
5		1	2			4		
			9				8	
		4			5		9	
	5	9				8	2	
	2		6			1		
	7				1			
		2			9	7		6
	8		7					

গতকালের সমাধান

3	9	6	2	5	1	4	8	7
2	5	7	6	4	8	9	3	1
4	1	8	3	9	7	6	5	2
6	7	4	9	2	5	3	1	8
1	3	2	4	8	6	5	7	9
5	8	9	7	1	3	2	6	4
8	4	3	1	6	9	7	2	5
7	2	1	5	3	4	8	9	6
9	6	5	8	7	2	1	4	3

আবহাওয়া

পূর্বাভাস: শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডি গ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭৯ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।২২, **সূর্যাস্ত:** ঘ ৫:৪১ **জোয়ার** বিকাল :১:১০। **ভাঁটা:** সকাল : ১১:৩৬।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩১,১৪০
গহনা সোনা (১০ গ্রাম):	২৯,৫৪৫
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	২৯,৯৯০
রুপোর বাট (প্রতি কেজি):	৩৮,০০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৩৮,১০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

শেয়ারসূচক

BSE	37,717.96 ▲	(+304.83)
NIFTY	11,369.90 ▲	(+82.40)

শব্দলিপি- ১৩১১



শ্যামাপ্রসাদ দাশ

পাশাপাশি : ১। মেজাজটা শৌখিন আরামপ্রিয় হলে ৫। ইন্দ্রপুত্র, মহাদেব ৬। বিষ্ণুভক্ত পক্ষিরাজ বিনতানন্দন ৭। একালের চট্টোপাধ্যায় অভিনেত্রী, গলায় শোভা পায় ৯। রমাপতি ১০। বেচাকেনা ১২। যা জোর শব্দে ফাটে ১৩। যুদ্ধ

উপরনীচ : ১। 'ও.গা.বা রা'য় জগতের বাহার দেখে যা মেলে ২। জয়ের অধিষ্ঠাত্রী দেবী ৩। ফ্যাসান, জটিলতা ৪। গোপনে মনে আঘাত ৬। শত্রুভাব ৮। কেশের বিন্যাস ৯। যার কামনা সফল হয়েছে ১১। স্বর্গের গায়কদল

সমাধান : শব্দলিপি - ১৩১০

পাশাপাশি : ১। পিসতুতো ভাই ৪। বিনয় ৫। নবনীত ৭। নিতাই ৮। শমিত ১০। শতাংশ ১২। লিখিত ১৩। লবঙ্গলতিকা

উপরনীচ : ১। পিয়াইয়াং ২। তুফান ৩। ইঙ্গিত ৪। বিনুনি ৬। বংশতালিকা ৯। তন্ত্রিত ১০। শকুল ১১। শবল

শব্দলিপি নির্মাতাদের প্রতি: একটি বিশেষ ছক ও পাঁচটি সাধারণ ছক আছে। যাঁরা শব্দলিপি পাঠাতে চান, তাঁরা একপাতায় সমাধনসহ ছক ও অন্য পাতায় সূত্র এবং সূত্রের সমাধান লিখে পাঠাবেন। মনোনীত হলে প্রকাশিত হবে।
বিভাংশু দত্ত, সম্পাদক, 'শব্দলিপি' বিভাগ।

বিশ্বভারতীতে অধ্যাপকদের লুঙ্গি ডান্স: ভিডিও

নিজস্ব সংবাদদাতা, শান্তিনিকেতন : কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের অনেক স্বপ্নের প্রতিষ্ঠান বিশ্বভারতী। যার খ্যাতি বিশ্বজোড়া। শিক্ষা-সংস্কৃতিতে যাতে আন্তর্জাতিক স্তরে অন্যতম পীঠস্থান হয়ে উঠতে পারে এই প্রতিষ্ঠান, সেই স্বপ্ন নিয়েই তিল তিল করে বিশ্বভারতী গড়ে তুলেছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর। এহেন বিশ্বভারতীয় সংগীত ভবনেই হিন্দি গানের তালে কোমর দোলাতে দেখা গেল একাংশ অধ্যাপক-অধ্যাপিকাকে। পা মেলালেন সংগীত ভবনের অধ্যক্ষও। এই ঘটনা প্রকাশ্যে আসতেই নিন্দার ঝড় উঠেছে আশ্রমজুড়ে। অধ্যাপক-অধ্যাপিকাদের এই নাচের দৃশ্যের ভিডিও বিশ্বভারতীতে ভাইরাল হয়ে গেছে।

শিক্ষক দিবস উদ্‌যাপনকে সামনে রেখে নিজেদের মধ্যে একটি অনুষ্ঠানের আয়োজন করেন বিশ্বভারতীর সংগীত ভবনের পড়ুয়ারা। ভবনের মহড়ার মূল মঞ্চে আয়োজিত অনুষ্ঠানে ঐতিহ্য উপেক্ষা করে বাজতে শুরু করে শাহরুখ খান-দীপিকা পাড়ুকোন অভিনীত 'চেন্নাই এক্সপ্রেস' ছবির হিন্দি গান 'লুঙ্গি ডান্স'। পরে 'লেড়কি বিউটিফুল'। উচ্চস্বরে বাজা সেই গানের তালে হাত কোমর দুলিয়ে সামনে নেচে চলেন ভবনের অধ্যক্ষ নিখিলেশ চৌধুরি, অধ্যাপক অমর্ত্য মুখোপাধ্যায় সহ একাংশ অধ্যাপক-অধ্যাপিকা। ধুতি পাঞ্জাবি পড়ে অধ্যক্ষের নাচের ভিডিও এখনও অনেকের মোবাইলেই। অধ্যাপকদের হাততালি দিয়ে গেছেন পড়ুয়ারাও।

সংগীত ভবনের এই মঞ্চেই গুরুদেবের সময় থেকে হয়ে আসছে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে।

বসন্ত উৎসব, পঁচিশে বৈশাখ, বর্ষা মঙ্গলের মতো ঐতিহ্যবাহী অনুষ্ঠানের মহড়া হয়ে থাকে এই মঞ্চে। গুরুদেব সহ বহু গুণী শিল্পী, কিংবদন্তি মানুষজনের স্পর্শ রয়েছে এখানে। এহেন মঞ্চে অধ্যাপক-অধ্যাপিকাদের হিন্দি চটুল গানের সঙ্গে নাচ একেবারেই বেমানান বলে মনে করছেন রবীন্দ্র অনুরাগী থেকে শুরু করে আশ্রমিকরা।

ALL INDIA TRINAMOOL CONGRESS
CONFERENCE HALL

অসমে তৃণমূল নেতৃত্বে সঙ্গে বৈঠকের ফিরহাদ হাকিম।

নতুন বাইক চেয়ে না পেয়ে ত্রিশটা ঘুমের ওষুধ খেয়ে আত্মহত্যা চেষ্টা ছেলের

নিজস্ব সংবাদদাতা, হাবড়া : বাবার কাছে নতুন বাইক চেয়ে না পেয়ে অভিমানে একসঙ্গে ত্রিশটা ঘুমের ওষুখ খেয়ে আত্মহত্যার চেষ্টা করল ছেলে। বুধবার রাতে ঘটনাটি ঘটেছে, উত্তর ২৪ পরগনা জেলা বাদুড়িয়া থানার চাতরা এলাকায়। অসুস্থ অবস্থায় ছেলে শীর্ষেন্দু বালাকে হাবড়া হাসপাতালে ভর্তি করা হয়েছে।

শীর্ষেন্দুর বাবা জয়দেব বালার অভিযোগ, প্রেসক্রিশন ছাড়া একসঙ্গে ৩০টা ঘুমের ওষুধ বিক্রি করা হল কীভাবে? বাদুরিয়ার চাতরায় বাড়ি জয়দেব বালা জানান, তিনি রাজমিস্ত্রি। তিনদিন আগে ছেলে শীষেন্দু বাবার কাছে একটি নতুন বাইকের দাবি করে। জয়দেব বালা জানান, আমি রাজমিস্ত্রির কাজ করে কোনওমতে সংসার চালাই। এতো দামের বাইক কিনে দেওয়ার ক্ষমতা নেই। বাইক না পেয়ে অভিমান করে শীর্ষেন্দু। বুধবার মোহনবাগানের খেলা দেখতে গিয়েছিল শীর্ষেন্দু। এরপর এলাকায় ফিরে স্থানীয় ওষুধের দোকান থেকে একসঙ্গে ত্রিশটা ঘুমের ওষুধ কিনে বাড়ি ফেরে। এরপর রাতে খাওয়া দাওয়ার পর একসঙ্গে ত্রিশটা ঘুমের ওষুখ খেয়ে নেয় সে। এদিন রাতেই শীষেন্দু ফোনে তার এক বন্ধুকে জানায় সে একসঙ্গে ত্রিশটা ঘুমের ওষুধ খেয়েছে। সকালে উঠে আর কেউ তাকে দেখতে পাবে না। এরপরই ওই বন্ধু শীর্ষেন্দুর পরিবারকে বিষয়টি জানায়। তারপরই শীর্ষেন্দুকে নিয়ে আসা হয় হাবড়া হাসপাতালে।

In the august pr
Keshari N
'ble Governor o
musical perf
Br Hall, Raj Bh
September

আইএনএফএসির তরফ থেকে রাজভবনে রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী স্মারক তুলে দেওয়া হচ্ছে।

হাওড়ার পুঁইলা কিশোর ভারতীর পুজোর থিম সত্যম শিবম সুন্দরম

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : আমাদের দেশে রাবণকে দুষ্টু রাজা বলেই মনে করেন সকলে। কিন্তু লঙ্কেশ্বর রাবণের খ্যাতি শ্রীলঙ্কার সর্বত্র সমাদৃত। রাবণের শিবভক্তির কথা শিলঙ্কা কেন এ দেশে প্রায় প্রত্যেকের কাছে অবগত। শ্রীলঙ্কার বিখ্যাত কল্পেশ্বর মন্দিরে গেলেই দেখা যাবে রাবণের কাঁধে শিব-দুর্গার বিশাল মূর্তি। কিছু কাল্পনিক চিন্তাভাবনা নিয়ে সেই কল্পেশ্বর মন্দিরে রাবণের কাঁধে শিব-দুর্গার মূর্তি ফুটে উঠবে এবার হাওড়ার পুজো মণ্ডপের থিমে। হাওড়ার পুঁইলা অকাল বোধন সর্বজনীন দুর্গোৎসব কমিটির পুজোয় ফুটে উঠবে এই দৃশ্য। এই পুজোর পরিচালনা করে পুঁইলা কিশোর ভারতী। এবছর চুয়ান্নতম বর্ষে তাঁদের পুজোর থিমের নাম 'সত্যম শিবম সুন্দরম'।

পুজো কমিটির অন্যতম সদস্য অরুপ সামন্ত জানান, ৪৫ ফুট উচ্চতার চারিদিকে পাহাড়ের মধ্যে থাকবে রাবণের কাঁধে শিব-দুর্গার বিশাল মূর্তি। পাহাড়ের চারিদিকে থাকবে। ত্রিশূল। মণ্ডপে ঢোকার মুখে থাকবে আর একটি শিবের ত্রিমূর্তি অরুণবাবু আরও বলেন, দর্শনারর্থীদের প্রবেশপথে চারিদিকে থাকবে শিবের মাথায় জল ঢালার বাঁক ও ঘটি।

মণ্ডপে ভিতরে থাকবে দেবী দুর্গার এখটি পৌরাণিক মূর্তি এবং অর্ধেক শিব ও অর্ধেক দুর্গার মূর্তি একদম ভিতরে মণ্ডপের সঙ্গে সামঞ্জস্য রেখে পরিবারের সহযোগে মায়ের প্রতিমা। হাওড়ার পুঁইল্যা কিশোর ভারতির এ বছরের পুজোর বাজেট প্রায় আট লক্ষ টাকা। এই পুজো মণ্ডপটি হাওড়ার আন্দুল-মৌরির কাছে অবস্থিত। মণ্ডপ ও প্রতিমা শিল্পীর নাম পিন্টু। প্রতিবছর প্রচুর দর্শনার্থী আসেন এই পুজো মণ্ডপে। এবছর হাওড়ার সেরা পুজোর তালিকায় থাকার ব্যাপারে আশাবাদী ক্লাব সদস্য সন্তু থেকে শুরু করে সকলে।

বেহাল রাস্তা সংস্কারের দাবিতে পথ অবরোধ হাবড়ায়

নিজস্ব সংবাদদাতা, হাবড়া : বেহাল রাস্তা সংস্কারের দাবিতে পথে নামলেন গ্রামবাসীরা। বৃহস্পতিবার উত্তর ২৪ পরগনা জেলার হাবড়ার পায়রাগাছি বাজারে পথ অবরোধ করলেন স্থানীয় বাসিন্দারা। প্রায় আধঘণ্টা ধরে চলে অবরোধ। হাবড়ার পায়রাগাছি থেকে সলুয়া মুসলিম পাড়া পর্যন্ত বেহাল রাস্তা অবিলম্বে সংস্কারের দাবিতে চলে এই অবরোধ। পরে হাবড়া থানার পুলিশ এসে রাস্তা সংস্কারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে সমস্যার সমাধানের আশ্বাস দিতে অবরোধ উঠে যায়। হাবড়ার পায়রাগাছি বাজার থেকে সলুয়া মুসলিম পাড়া যাওয়ার এই রাস্তা দীর্ঘদিন ধরেই বেহাল অবস্থায় পড়ে রয়েছে। এই রাস্তা ধরে সংহতি স্টেশনেরও যাওয়া যায়। প্রায় ৬ কিলোমিটার এই রাস্তা আগে পিচের ছিল। কিন্তু দীর্ঘদিন রাস্তাটির কোনও সংস্কার না হওয়ায় সেটি কঙ্কালসার অবস্থা হয়েছে। পুরো রাস্তাটাই অবিলম্বে সংস্কারের দাবিতে এদিন পথ অবরোধ করেন স্থানীয় বাসিন্দারা। স্থানীয় বাসিন্দারা জানান, গত পঞ্চায়েত নির্বাচনের আগে প্রশাসনের তরফে রাস্তা সংস্কারের প্রতিশ্রুতি দেওয়া হয়। রাস্তার ধারে বেশকিছু সামগ্রী ফেলা হয়। রাস্তা সংস্কারের বোর্ড ও লাগানো হয়। কিন্তু পঞ্চায়েত নির্বাচন মিটে যাওয়ার পর আর কোনও হেলদোল নেই কারওরই।

এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য দেগঙ্গায়

নিজস্ব সংবাদদাতা, দেগঙ্গা : মানসিক ভারসাম্যহীন এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার ঘিরে বৃহস্পতিবার সকালে চাঞ্চল্য ছড়ালো উত্তর ২৪ পরগনা জেলার দেগঙ্গা থানার বেড়াচাঁপা একনম্বরগ্রাম পঞ্চায়েতের নন্দিপাড়া এলাকায়। মৃতের নাম শহিদুল সরদার (৬০)। স্থানীয় সূত্রে জানাগিয়েছে, বেশকিছুদিন ধরে ওই ব্যক্তির মানসিক রোগে ভুগছিলেন। গত বুধবার বিকাল থেকে তাঁকে আর খুঁজে পাওয়া যাচ্ছিলো না। বৃহস্পতিবার সকালে স্থানীয় বাসিন্দারা এলাকায় মাঠে যাওয়ার সময় নন্দীপাড়া এলাকায় একটি বাগানের মধ্যে ডোবাতে তার মৃতদেহ দেখতে পান।

ট্রাক্টরের চাকা বুকের উপর, মৃত্যু ছাত্রের

নিজস্ব সংবাদদাতা, সুতি : ছুটির পর মাদ্রাসা থেকে ফেরার পথে ট্রাক্টরের ধাক্কায় মৃত্যু হল ক্লাস সিক্সের এক ছাত্রের। দুর্ঘটনাটি কেন্দ্র করে বুধবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ উত্তেজনা ছড়ায় সুতি থানার দোগাছিতে। মৃত ছাত্রের নাম আক্তারুল শেখ (১৪)। তার বাড়ি দোগাছি গ্রামে। সে দোগাছি ডিবিএস হাই মাদ্রাসার ছাত্র ছিল। দুর্ঘটনার পর উত্তেজিত জনতা ভাঙচুর করে। ট্রাক্টরের চালক পলাতক বলে জানিয়েছে পুলিশ। দুর্ঘটনার পর জনতা রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখালে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে স্থানীয় সূত্রে জানা গেছে, বুধবার মাদ্রাসার ছুটির পর সে যখন ফিরছিল, তখন উল্টো দিক থেকে একটি মাটি বোঝাই ট্রাক্টর এসে তাকে ধাক্কা মারে। ট্রাক্টরের চাকা আক্তারুলের বুকের উপর দিয়ে চলে যায়। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

ডাকাতির আগে কুলতলি থেকে গ্রেফতার ৬

নিজস্ব সংবাদদাতা, কুলতলি : আগ্নেয়াস্ত্র সহ ৬ দুষ্কৃতীকে গ্রেফতার করল পুলিশ। বুধবার রাতে কুলতলি থানার কৈখালি এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়।

পুলিশ সূত্রে খবর, ওই দুষ্কৃতীরা বুধবার ঝড়খালি এলাকায় ডাকাতির ছক কষেছিল। পরে তা পরিবর্তন করে কৈখালি একটি গেস্ট হাউজে ডাকাতির পরিকল্পনা নেয়। গোপন সূত্রে খবর পেয়ে কুলতলি থানার পুলিশও বারুইপুর জেলা পুলিশের স্পেশাল ফোর্স কৈখালি এলাকা ঘিরে ফেলে। সেই ডাকাত দল থেকে বিপ্লব মণ্ডল, পাপান মণ্ডল, রাহুল চৌকিদার, রবীন্দ্রনাথ সাঁপুই, সুজন দাস ও সৌরভ হালদার নামে ছ'জনকে গ্রেফতার করে। নিমাই হালদার নামে একজন পালিয়ে যায়। তাদের কাছ থেকে পাঁচটি বন্দুক, নয় রাউন্ড গুলি ও সাতটি তাজা বোমা উদ্ধার করে পুলিশ। বৃহস্পতিবার বারুইপুর মহকুমা আদালতে তাদের তোলা হয়।

স্কুলে টিফিনে খেলতে গিয়ে মৃত্যু ছাত্রের

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : টিফিনের সময় স্কুলে খেলতে গিয়ে প্রাণ গেল দশম শ্রেণির এক ছাত্রের। বৃহস্পতিবার দুপুর প্রায় দুটো সময় টিফিনে অনন্যা ছাত্রদের সঙ্গে ধাপাস বল খেলছিল দশমশ্রেণির ছাত্র সুরঞ্জন মণ্ডল বয়স ১৪। হঠাৎ সে মেঝেতে পড়ে যায়। স্কুলের সমানের মাঠটিতে পাকা মেঝে। সুরঞ্জনের মাথায় আঘাত লাগে। সঙ্গে সঙ্গে সুবঞ্জনকে স্থানীয় নার্সিং হোমে পরে কাকদ্বীপ মহকুমা হাসপাতালে আনা হয়। হাসপাতালে আসার পথেই মারা যায় সুরঞ্জন। বাবার নাম সোমাথ মণ্ডল, দুই ছেলে। ছোট ছেলে সুরঞ্জন পড়াশুনা করত স্থানীয় গোবিন্দরাম অশ্বিনী কুমার হাইস্কুলে। স্কুল সূত্রে জানা যাচ্ছে সুরঞ্জন মেধাবী ছাত্র। খেলাধুলাতেও বেশপটু। সুরঞ্জনের অকাল মৃত্যুতে এলাকায় শোকের ছায়া। ময়নাতদন্তের দেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

কুলতলিতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু দম্পতির

নিজস্ব সংবাদদাতা, কুলতলি : দক্ষিণ ২৪ পরগনার কুলতলিতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল এক দম্পতির। তাঁদের নাম স্বরবিন্দু সর্দার (৫৩) ও ডলি সর্দার (৪৫)। বাড়ি কুলতলি থানার চুপড়িঝারা মালপাড়া এলাকায়। ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। মঙ্গলবার এলাকায় মনসা পুজো ছিল। সেই উপলক্ষে দম্পতির ছেলে অশোক সর্দার পুজো দেখতে যায়। সেখান থেকে রাত আটটা নাগাদ বাড়ি ফেরে সে। ডাকাডাকি করে বাবা-মাকে। কিন্তু, তাঁদের সাড়াশব্দ না পেয়ে ঘরের ভিতরে ঢুকে দেখে, তাঁর মা-বাবার নিথর দেহ পড়ে রয়েছে বারান্দায়। ঘটনাস্থলে এসে পুলিশ দম্পতিকে স্থানীয় হাসপাতালে নিয়ে যায়। চিকিৎসকেরা তাঁদের মৃত বলে ঘোষণা করেন। পুলিশ মৃতদেহ দু'টি বুধবার ময়নাতদন্তের জন্য পাঠায়।

প্রাথমিক তদন্তের পর পুলিশের অনুমান, ছেলে বেরিয়ে যাওয়ার পর বাড়িতে স্বামী-স্ত্রী ছাড়া কেউ ছিলেন না। সেই সময় পাখার সুইচ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হন স্বরবিন্দু। তাঁকে বাঁচাতে ছুটে যান ডলি। দু'জনেই লুটিয়ে পড়েন মাটিতে। বাড়িতে শুধু দু'জনে থাকায় ঘটনাটি কেউ টের পায়নি।

Change of Name

I, ALAKANANDA CHOWDHURY (New name), Daughter of Sneha Priya Chowdhury R/o 2880, Nayabad, Mukundapur, Kolkata-700099, W.B. declare that my previous name was ALOKANANDACHOWDHURY (Old name). As per Affidavit before the Notary Public at Kolkata on 13-09-2018 I become known as ALAKANANDACHOWDHURY.

Change of Name

I, previously called GHULAM HAIDER (Old name) S/o Ghulam Rahman R/O 44, Imdad Ail Lane, Kolkata-700016, W.B., I have changed my name as MD. YUNUS (New name) by Notary Adffidavit Kolkata-700016 on 12.09.2018.

TENACY AGREEMENT

Md. Salim, S/o. Lt. Md, Hamid, aged about 45 years, by faith Muslim, resident of Kalyanpur Housing, Q. No.-As-8/3/(II), P.O.-R.K. Mission, Asasnol-(5), Dist.-Paschim Bardhaman, W.B., herein after called the FIRST PARTY/ OWNER.

AND

Susmita Majumdar, W/o. Sri Koushik Majumdar, aged about 32 years, by faith Hindu, resident of Kalyanpur Housing. Q, No.-As-8/24/2)(II), P.O.-R.K. Mission Asansol- (5), P.S.-Asansol (North) W.B., hereinafter called the SECOND PARTY/ TENANT.

WHEREAS the First Party is the lawful owner of the HOUSE situated at Kalyanpur, Holding No. 3/83, Housing Ward No.-22, P.O.-R.K. Mission, Asansol- (S), P.S.-Asansol (North), Dist.-Paschim Bardhaman, W.B. morefully described in the schedule hereunder.

NOW THIS DEED OF AGREEMENT WITNESSETH AS FOLLOWS:

1. That the tenant has agreed to pay rent for the premises shall be Rs. 2,000/- (Two thousand) per months to the owner within the first week of the English Calendar.
2. That the duration of this rent agreement shall be 2 (Two) years commencing prom the 13.09.2018.
3. The tenant shall use the house premises for the bonafide business purpose only and the tenant shall be not sublet, sub-let premises to any other person and the tenant shall not use the Schedule premises for any illegal or immoral purpose.
4. The tenant shall at all times keep the said premises in a good and tenantable condition without making any damages to the premises if the owner or the tenant wishes to terminate the rent period each party should issue 1 month prior notice to each other.
5. In case at the time of tenant vacating the premises there is any arrears like rent will be deducted by the owner in the advance amount paid by the tenant and the balance advance amount should be return to the tenant at the time of vacation of the premises.

Notary Public Asansol Court, on Affidavit 13/9/2018.